রাজস্বের প্রবৃদ্ধি

টেকসই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব), ঢাকা।
৬২/৩, পুরানা পল্টন, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (১১ ও ১২ তলা), ঢাকা-১০০০।
www.vatdhkeast.gov.bd

নম্বর: ২(২৩)১৪১/জনপ্রশাসন/সদর/নিয়োগ/২০১৮/৮৫৮

তারিখ: ০৮ কার্তিক ১৪২৬ / ২৩ অক্টোবর ২০১৯

## 'নিয়োগ বিজ্ঞপ্তি'

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব), ঢাকার নিম্নের ছকের ৩ নম্বর কলামে উল্লিখিত শূন্য পদসমূহ অস্থায়ী ভিত্তিতে পূরণের জন্য নিম্নবর্ণিত শর্তে যোগ্য প্রার্থীদের নিকট হতে অনলাইন দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্র.ন. | পদের নাম ও বেতন স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১। | উচ্চমান সহকারী (গ্রেড-১৪) ১০,২০০-২৪,৬৮০/- | ০৭ টি | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রিধারী হতে হবে।<br>খ) কম্পিউটারে বেসিক ট্রেনিং কোর্সে উত্তীর্ণ হতে হবে। | ঢাকা, গাজীপুর, নারায়ণগঞ্জ, নরসিংদী ও কিশোরগঞ্জ |
| ২। | ক্যাশিয়ার (গ্রেড-১৪) ১০,২০০-২৪,৬৮০/- | ০৪ টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রিধারী হতে হবে (বাণিজ্য বিভাগের প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।) | |
| ৩। | সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর (গ্রেড-১৪) ১০,২০০-২৪,৬৮০/- | ০১ টি | ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) কম্পিউটারে বেসিক ট্রেনিং কোর্সে উত্তীর্ণ; এবং<br>গ) সাঁটলিপিতে প্রতি মিনিটে বাংলায় ৪৫ শব্দ ও ইংরেজীতে ৭০ শব্দ গতি সম্পন্ন এবং কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে ওয়ার্ড প্রসেসিং/ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদি প্রতি মিনিটে ইংরেজীতে ৩০ ও বাংলায় ২৫ শব্দের গতি সম্পন্ন হতে হবে। | |
| ৪। | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (গ্রেড-১৬) ৯,৩০০-২২,৪৯০/- | ২৬ টি | ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে ওয়ার্ড প্রসেসিং/ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদি প্রতি মিনিটে বাংলায় ২০ ও ইংরেজিতে ২০ শব্দের গতি সম্পন্ন হতে হবে। | |
| ৫। | গাড়ীচালক (গ্রেড-১৬) ৯,৩০০-২২,৪৯০/- | ১৫ টি | (ক) অষ্টম শ্রেণী বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) ৩ বছরের গাড়ি চালনোর বাস্তব অভিজ্ঞতাসহ বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। | |
| ৬। | সিপাই (গ্রেড-১৭) ৯,০০০-২১,৮০০/- | ৩০ টি | (ক) এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) উচ্চতা: পুরুষ ন্যূনতম ৫.৪´, মহিলা ন্যূনতম ৫.২´, বুকের মাপ : ন্যূনতম ৩০´´-৩২´´ (উভয় ক্ষেত্রে) | |
| ৭। | ডেসপাস রাইডার (গ্রেড-১৮) ৮,৮০০-২১,৩১০/- | ০১ টি | এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ও মোটর সাইকেল লাইসেন্সধারী। | |
| ৮। | অফিস সহায়ক (গ্রেড-২০) ৮,২৫০-২০,০১০/- | ২০ টি | অষ্টম শ্রেণী পাস | |
| ৯। | নৈশ প্রহরী (গ্রেড-২০) ৮,২৫০-২০,০১০/- | ০২ টি | অষ্টম শ্রেণী পাস | |
| ১০। | ঝাড়ুদার /সুইপার (গ্রেড-২০) ৮,২৫০-২০,০১০/- | ০২ টি | অষ্টম শ্রেণী পাস | |

**নিম্নবর্ণিত শর্তাবলি প্রযোজ্য হবে:**

১। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে;

২। ৩০-১১-২০১৯খ্রিঃ তারিখে সাধারণ প্রার্থীর বয়সসীমা ১৮-৩০ বছর। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৩। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে।

৪। ক্যাশিয়ার পদে নির্বাচিত প্রার্থীগণকে যোগদানকালে বিধি মোতাবেক জামানত প্রদান করতে হবে।

৫। বিজ্ঞপ্তির কলাম (৫) এ বর্ণিত জেলার স্থায়ী বাসিন্দাগণই শুধু আবেদন করতে পারবেন। এ বিষয়ে কোন অনিয়ম করে কেউ নিয়োগ পেলেও তা বাতিল হবে এবং তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গৃহীত হবে।

৬। সকল প্রার্থীকে অনলাইনে **http://vatde.teletalk.com.bd** ওয়েবসাইটের মাধ্যমে ০৪-১১-২০১৯খ্রিঃ তারিখ সকাল ১০:০০ ঘটিকা হতে ৩০-১১-২০১৯খ্রিঃ তারিখ বিকাল ৫:০০ঘটিকার মধ্যে আবেদন করতে হবে। উক্ত সময়সীমার মধ্যে USER ID প্রাপ্ত প্রার্থীগণ পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন। টাকা জমা না দেয়া পর্যন্ত অনলাইনে আবেদনপত্র গৃহীত হবে না। একবার এসএমএস করে আবেদন ফি জমা দিলে তা প্রত্যাহার করা যাবে না।

৭। বর্ণিত পদের ১নং থেকে ৭নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ১১২/- টাকা এবং ৮নং থেকে ১০নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি ৫৬/- জমা দিতে হবে। বিস্তারিত নিয়মাবলি Online নিয়োগ বিজ্ঞপ্তি **http://vatde.teletalk.com .bd** এবং **http://vatdhkeast.gov.bd** তে পাওয়া যাবে।

৮। বর্ণিত পদের জন্য লিখিত পরীক্ষা এবং প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন।

৯। মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং অনলাইনে পূরণকৃত Application Form এর হার্ডকপিসহ সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া, জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণপত্র হিসাবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ এবং আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে সে মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভা/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি এবং চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র দাখিল করতে হবে।

১০।লিখিত, মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার ভাতা প্রদান করা হবে না।

১১।যে কোন তথ্য ও কারিগরি সহযোগিতার জন্য Teletalk Customer Care এ যোগাযোগ অথবা Teletalk মোবাইল থেকে ১২১ এ ফোন করা যেতে পারে।

১২।কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি ও বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৩।বিধি মোতাবেক সকল কোটা যথাযথভাবে অনুসরণ করা হবে।

১৪।Online ফরমের সকল অংশ (ছবিসহ) যথাযথভাবে পূরণ করতে হবে। অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল করা হবে;

১৫।আবেদন পত্রে কোন তথ্য গোপন করা হলে বা কোন মিথ্যা তথ্য প্রদান করা হলে প্রার্থির প্রার্থীতা বাতিল (যে কোন সময়ে) করা হবে এবং এ কারণে প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৬।উপরে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি বিধান প্রযোজ্য হবে।

২৩/১০/২০১৯

**(মুহাম্মদ মাহফুজ আহমদ)**
যুগ্ম কমিশনার (চলতি দায়িত্ব)
ও
সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন/পদোন্নতি কমিটি
ই-মেইলঃ vatdhakaeast@gmail.com